গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
বাংলাদেশ পুলিশ
স্পেশাল ব্রাঞ্চ, রাজারবাগ ঢাকা।

**এসবি আদেশ নং-৪৫৮৭, তারিখ- ০২/০৯/২০২৬খ্রিঃ।**

**সিটি স্পেশাল ব্রাঞ্চ, ঢাকায় কর্মরত এসআই/ এম এ বাহরাম খান (বিপি-৬৭৮৯০১১৭৫৫, এনআইডি-১৯৬৭২৭১৩০৪৭১৩৭৩৩৩) এর চাকুরির খতিয়ান বহির ১ম পাতায় জন্ম তারিখ ০১/১০/১৯৬৭খ্রিঃ তারিখ লিপিবদ্ধ রয়েছে এবং তিনি গত ০১/০২/১৯৮৯খ্রিঃ তারিখে বাংলাদেশ পুলিশ বাহিনীতে নিয়োগপ্রাপ্ত হন। তার জন্ম তারিখের উপর ভিত্তি করে সরকারি চাকুরির বিধি অনুযায়ী আগামী ৩০/০৯/২০২৬খ্রিঃ তারিখ তার বয়স ৫৯ বছর পূর্ণ হবে অর্থাৎ চাকুরির মেয়াদ শেষ হবে। তার বয়স ৫৯ বছর পূর্তিতে আগামী ০১/১০/২০২৬খ্রিঃ তারিখ হতে বার্ধক্যজনিত অবসর গ্রহণের নিমিত্ত তাকে অবসরোত্তর ছুটি (পিআরএল) গমন করতে হবে। বার্ধক্যজনিত অবসর গ্রহণের ক্ষেত্রে তিনি অবসরোত্তর ছুটি (পিআরএল) ভোগ করবেন কিনা ইহা জানার জন্য অত্রাফিস স্মারক নং-২০৫৩, আরও (পেনশন), তারিখ-১৫/০৪/২০২৬খ্রিঃ মূলে নোটিশ প্রদান করা হয়। উক্ত নোটিশের প্রেক্ষিতে তিনি ০১ (এক) বছর গড় বেতনে অবসরোত্তর ছুটি (পিআরএল) চেয়ে গত ১৪/০৭/২০২৬খ্রিঃ তারিখ আবেদন করেছেন।** তার আবেদনের প্রেক্ষিতে ১২ (বার) মাস গড়বেতনে অবসরোত্তর ছুটিসহ ১৮ (আঠার) মাসের মূলবেতনের সমপরিমান অর্থ প্রদানের বিপরীতে ছুটি পাওনা আছে কিনা ইহা জানার জন্য অত্রাফিস স্মারক নং-৪২০৯, তারিখ-২৬/০৭/২০২৬খ্রিঃ মূলে চীফ একাউন্টস এন্ড ফিন্যান্স অফিসার, স্বরাষ্ট্র মন্ত্রণালয়, এজিবি ভবন, সেগুন বাগিচা, ঢাকায় পত্র প্রেরণ করা হয়। উক্ত পত্রের প্রেক্ষিতে এজিবি ঢাকার স্মারক নং-২৩৮, তারিখ-২০/০৮/২০২৬খ্রিঃ মূলে তার ০১ বছর ১০ মাস ০১ দিন গড় বেতনে এবং ০২ বছর ০৬ মাস ০৫ দিন অর্ধ গড় বেতনে ছুটি পাওনা আছে মর্মে ছুটির প্রত্যয়ণ পত্র প্রেরণ করেন। উল্লেখ্য যে, চাকুরিতে নিয়োগ প্রাপ্তির তারিখ হতে অবসর গ্রহণের তারিখ পর্যন্ত তার মোট চাকুরিকাল ৩৭ বছর ০৭ মাস ২৯ দিন।

এমতাবস্থায় উক্ত এসআই'কে সরকারি চাকুরি আইন-২০১৮ এর ৪৩ (১) (ক) ধারা মোতাবেক আগামী ৩০/০৯/২০২৬খ্রিঃ তারিখ তার বয়স ৫৯ বছর পূর্তিতে বার্ধক্যজনিত অবসর গ্রহণের আদেশ প্রদানসহ ১৯৫৯ সালের ছুটির বিধিমালার অনুচ্ছেদ ৩ (১) মোতাবেক তার পাওনা ০১ বছর ১০ মাস ০১ দিন গড় বেতন ছুটি থেকে ০১ বছর (০১/১০/২০২৬খ্রিঃ **তারিখ হতে ৩০/০৯/২০২৭খ্রিঃ তারিখ পর্যন্ত) অবসরোত্তর ছুটি (পিআরএল) মঞ্জুরী প্রদান করা হলো।**

স্বাক্ষরিত/-
(মোঃ নজমুল হোসেন)
ডিআইজি (প্রশাসন ও অর্থ)
স্পেশাল ব্রাঞ্চ, বাংলাদেশ পুলিশ, ঢাকা।

স্মারক নং/পেনশন ৪৪.০১.০০০০.০৮৪.১৩.০০৭.২৬- ৯২০৭/১(১৫)    তারিখঃ ০২/০৯/২০২৬খ্রিঃ।

অনুলিপি অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য প্রেরণ করা হলোঃ (জ্যেষ্ঠতার ভিত্তিতে নহে)

১. ডিআইজি, সিটি স্পেশাল ব্রাঞ্চ, ঢাকা।
২. চীফ একাউন্টস এন্ড ফিন্যান্স অফিসার, স্বরাষ্ট্র মন্ত্রনালয়, এজিবি ভবন, সেগুন বাগিচা, ঢাকা।
৩. এআইজি (হেলথ,ওয়েলফেয়ার অ্যান্ড পেনশন/পিআইএমএস/আরএন্ডসিপি-২) বাংলাদেশ পুলিশ, পুলিশ হেডকোয়ার্টার্স, ঢাকা।
৪. বিশেষ পুলিশ সুপার (আইসিটি) এসবি, ঢাকা (এসবি ওয়েবসাইটে আপলোড করার জন্য)।
৫. ইনচার্জ, রেশন ষ্টোর/টেকনিক্যাল শাখা/অস্ত্রাগার, এসবি, ঢাকা।
৬. আরও-১, আর ও ফোর্সসহ সকল আর ও, রিজার্ভ অফিস এসবি, ঢাকা।
৭. ইনচার্জ, আইবাস ++/পিআইএমএস শাখা, রিজার্ভ অফিস এসবি, ঢাকা।
৮. এসআই/ এম এ বাহরাম খান, সিটি স্পেশাল ব্রাঞ্চ, ঢাকা।
৯. হিসাব রক্ষক, এসবি, ঢাকা।
১০. প্রতিনিধি, কমিউনিটি ব্যাংক বাংলাদেশ লিমিটেড, এসবি, ঢাকা।
১১. অফিস নথি।

০২.০৯.২৬

বিশেষ পুলিশ সুপার (প্রশাসন)
অ্যাডিশনাল ডিআইজি পদে পদোন্নতিপ্রাপ্ত
পক্ষে/অ্যাডিশনাল আইজি
স্পেশাল ব্রাঞ্চ, বাংলাদেশ পুলিশ, ঢাকা।
ফোন-৪৪০৭০৩২৬, ফ্যাক্স-৪৪০৭০৩২৭